যুগান্তর

তারিখ ... 2 SEP 2009 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ......

# পাবলিক বিশ্ববিদ্যালয়ের অনিয়ম তদন্তে কমিশন গঠনের বিলম্ব

যুগান্তর রিপোর্ট

পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর অনিয়ম-দুর্নীতি তদন্তে কমিশন গঠনের বিলম্ব ঘটছে। আসন্ন ঈদুল ফিতরের আগে এ কমিশন গঠন ও এর কার্যক্রম শুরু হওয়া নিয়েও সংশয় দেখা দিয়েছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর নানা অনিয়ম তদন্তে একটি স্থায়ী কমিশন গঠন করা যায় কিনা তা নিয়েও চিন্তা-ভাবনা হচ্ছে।

কমিশনের প্রধান হিসেবে নিযুক্ত বিচারপতি মোঃ মোজাম্মেল হোসেন আপিল বিভাগের বিচারক হিসেবে নিয়োগ পাওয়ায় এ বিলম্ব ঘটছে। রীতি অনুযায়ী আপিল বিভাগের বিচারকরা এ ধরনের কোন তদন্ত কমিশনের দায়িত্ব পালন করেন না। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) গত বৃহস্পতিবার প্রধান বিচারপতির বরাবরে তদন্ত কমিশনের প্রধান হিসেবে অপর একজন বিচারপতিকে নিয়োগ দেয়ার অনুরোধ জানিয়ে চিঠি দিয়েছে বলে সূত্র জানায়। ফলে নতুন একজন বিচারপতিকে নিয়োগ না দেয়া পর্যন্ত তদন্ত কমিশনের কার্যক্রম শুরু হচ্ছে না। নতুন কাউকে দায়িত্ব দেয়া হলেও সুপ্রিমকোর্টে শরৎকালীন অবকাশকালে এ তদন্ত কার্যক্রম শুরু হওয়া নিয়েও সংশয় রয়েছে।

সুপ্রিমকোর্টের রেজিস্ট্রার শওকত হোসেনের কাছে ইউজিসি'র অনুরোধ সম্পর্কে জানতে চাইলে গতকাল এ প্রতিবেদককে বলেন, বর্তমানে সুপ্রিমকোর্টে শরৎকালীন অবকাশ চলছে। আগামী ৪ অক্টোবর অবকাশ শেষে সুপ্রিমকোর্ট খুলবে। তবে দাফতরিক কার্যক্রম চলছে এখনও। এ ক্ষেত্রে যে কোন সময়ই এই কাজের জন্য হাইকোর্টের একজন বিচারপতিকে দায়িত্ব দিতে পারেন প্রধান বিচারপতি।